

কালো দিবস: ঢাবির শ্রেণি কার্যক্রম ২ ঘণ্টা স্থগিত

ঢাবি প্রতিবেদক

২৩ আগস্ট ২০২৩ ১২:০১ পিএম | আপডেট: ২৩

আগস্ট ২০২৩ ১২:১২ পিএম

49
Shares

ফাঁকা শ্রেণি। ছবি: আমাদের সময়

advertisement..

ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'কালো দিবস' উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের শ্রেণি কার্যক্রম দুই ঘণ্টা স্থগিত রাখার নির্দেশনা দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এ নির্দেশনা আজ বুধবার বেলা ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত কার্যকর থাকবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ নির্দেশনা জারি করা হয়েছে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের কালো ব্যাচ ধারণের নির্দেশনা দেওয়া হয়েছে।

advertisement

বিজ্ঞপ্তিতে জানানো হয়, ২০০৭ সালের ২০-২৩ আগস্টে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারী তথা বিশ্ববিদ্যালয় পরিবারের ওপর সংঘটিত অমানবিক, বেদনার্ত ও নিন্দনীয় ঘটনা স্মরণে প্রতিবছর ২৩ আগস্ট 'কালো দিবস' পালিত হয়।

আরও পড়ুন: নীলক্ষেত্রে সাত কলেজের শিক্ষার্থীদের অবরোধ

দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে বেলা ১১টায় ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) মিলনায়তনে আলোচনা সভার কর্মসূচি রয়েছে।